

বেসরকারী

তারিখ ...

স্বাক্ষর

কলাম

৩০/১০/২০১২

নীলফামারীতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অর্থের বিনিময়ে শিক্ষক নিয়োগের অভিযোগ

নীলফামারী সংবাদদাতা ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি বাতিল করে এডহক কমিটি গঠন সক্রান্ত সংবাদ পত্র-পত্রিকায় প্রকাশিত হওয়ায় জেলার ৬টি উপজেলার বেসরকারী মাদ্রাসা

স্কুল ও কলেজে অর্থের বিনিময়ে শিক্ষক নিয়োগের হিড়িক পড়েছে। প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা কমিটির কতিপয় সদস্য শূন্যপদ ছাড়াও অতিরিক্ত শিক্ষক নিয়োগ (১৬শ পৃ: দ্রঃ)

নীলফামারীতে

(১১শ পৃ: পর)

করছে। সরকারী বিধি মোতাবেক ৩০ ভাগ মহিলা নিয়োগের নিম্নে শ্রমিকলেও কোনও প্রতিষ্ঠানই তা বাস্তবায়ন করছে না মর্মে অভিযোগ পাওয়া গেছে। মোটা অংকের টাকাই যোগ্যতার মাপকাঠি হয়ে দাঁড়িয়েছে স্কুল ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের কলেজের শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি হিসাবে জেলা সদরের সরকারী স্কুল-কলেজের প্রধানদের মনোনয়নের বিধান থাকলেও স্বীয় স্বার্থসিদ্ধির জন্য উপজেলা পর্যায়ের ডিজি প্রতিনিধি মনোনয়ন নিয়ে মোটা সংখ্যার বিনিময়ে নিয়োগ প্রক্রিয়া চালান হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। জেলা সদরস্থ ছামির উদ্দিন উচ্চ বিদ্যালয়ে, সফিউর রহমান কলেজ, চড়াইখোলা স্কুল ও কলেজ সরকারী বিধিনিষেধ উপেক্ষা করে অতিরিক্ত শিক্ষক নিয়োগ করে অর্থের বিনিময়ে শিক্ষা অধিদপ্তর ও সমপ্রচার থেকে বৈধ করার অভিযোগ পাওয়া গেছে। প্রতিষ্ঠান সমূহের এহেন অপকর্মের প্রতিবাদে কয়েকজন সদস্য পরিচালক পরিষদ থেকে পদত্যাগ করেছেন বলেও জানা গেছে।